

ভারউত্তোলন সংক্রান্ত নিতিমালা ও পদ্ধতি (Weight Lifting Policy & Procedure)

ডকুমেন্ট নং (Document No)	ইস্যু তারিখ (Issue Date)	রিভিশন নং (Revision No)	রিভিশন তারিখ (Revision Date)	অনুমোদনকারী (Approved By)

কোন প্রতিষ্ঠানের কোন পুরুষ বা মহিলাকে নিম্নবর্ণিত ওজনের অতিরিক্ত ওজনবিশিষ্ট কোন দ্রব্য, যন্ত্রপাতি, হাতিয়ার বা সরঞ্জাম কাহারো সাহায্য ব্যতিত হাতে বা মাথায় করিয়া উত্তোলন, বহন বা অপসারণের উদ্দেশ্যে নিয়োগ করা যাইবে না, যথা :-

(ক) প্রাপ্তবয়স্ক পুরুষ ৫০ কিলোগ্রাম এবং

(খ) প্রাপ্তবয়স্ক মহিলা ৩০ কিলোগ্রাম ।

পরিবহনের জন্য ব্যবহৃত রাস্তা অবশ্যই এমনভাবে বাঁধামুক্ত হইতে হইবে যাহাতে শ্রমিকের হেচট খাবার সম্ভাবনা না থাকে এবং কোন মতেই উহা পিচ্ছিল হইতে পারবে না :

তবে শর্ত থাকে যে, যেক্ষেত্রে ওজন বহন করে উপরে উঠাতে হয় সেই ক্ষেত্রে উপরিউক্ত পরিমাণ কর্মক্ষেত্রের পরিবেশ অনুযায়ী পরিদর্শকের নির্দেশ মোতাবেক কম করিতে হইবে যাহা প্রাপ্তবয়স্ক পুরুষের ক্ষেত্রে ৪০ কিলোগ্রাম এবং প্রাপ্তবয়স্ক মহিলার ক্ষেত্রে ২৫ কিলোগ্রামের অধিক হইবে না ।

কোন মালিকের প্রতিষ্ঠানের কাজে কিশোর বা কিশোরী ও অন্তসত্তা অবস্থায় কোন মহিলাকে কোন দ্রব্য , সরঞ্জাম বা যন্ত্রপাতি হাতে বা মাথায় করিয়া বহন, উত্তোলন বা অপসারণের জন্য নিয়োজিত করা যাইবে না ।

উপবিধি (১) এ উল্লেখিত ৫০ কিলোগ্রাম ওজন বহনের ক্ষেত্রে একজন পুরুষ শ্রমিক যে মুজুরি পাইবেন ৩০ কিলোগ্রাম ওজন বহনের ক্ষেত্রে একজন মহিলা শ্রমিকও একই হারে মুজুরি পাইবেন, তিনি যেভাবেই নিয়োজিত হউন না কেন ।

(বাংলাদেশ শ্রম বিধিমালা - ২০১৫ এর বিধি ৬৩ অনুযায়ী)

----- গ্রুপ প্রতিটি সেকশন / বিভাগের সকলকে ভারউত্তোলনের ক্ষেত্রে উপরোক্ত নির্দোবলী মেনে চলতে হবে ।

প্রস্তুতকারী (Prepared By)	অনুমোদনকারী (Approved By)	অনুমোদনকারীর স্বাক্ষর (Approval Signature)	সীল (Seal)